

তারিখঃ ২০/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.০৪.০০৫.২১.৮৮৫

বিষয়ঃ চলতি আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে সংগ্রহ কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে

সূত্রঃ ১। সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ০৭/০২/২০২৩ খ্রিঃ তারিখের ২৬ নং স্মারক এবং ১৬/০২/২০২৩ খ্রিঃ তারিখের ৩১ নং স্মারক
২। এ দপ্তরের ০৬/০২/২০২৩ খ্রিঃ তারিখের ১০১ নং স্মারক এবং ১৯/০২/২০২৩ খ্রিঃ তারিখের ৮৫৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে রাজশাহী বিভাগে ১০৫২৩৭ মেঃ টন লক্ষ্যমাত্রার বিপরীতে গত ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অতিরিক্ত বরাদ্দ/রিপিট অর্ডারসহ সর্বমোট ৮৫৫৭০.২৯০ মেঃ টন মিলারগণের সাথে চুক্তি সম্পাদন হয়েছে। এখনো (১০৫২৩৭-৮৫৫৭০.২৯০) = ১৯৬৬৬.৭১০ মেঃ টন অচুক্তিকৃত রয়েছে। সংগ্রহ কার্যক্রম আগামী ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। সংগ্রহ প্রবণ বিভাগ বিবেচনায় রাজশাহী বিভাগে লক্ষ্যমাত্রার ১৯৬৬৬.৭১০ মেঃ টন অচুক্তিকৃত থাকায় এবং সংগ্রহের গতি ধীর হওয়ায় উদ্ধর্তন কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন; যা কামা নয়।

সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) মহোদয়ের সভাপতিত্বে গত ২৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এ দপ্তরের ০৬/০২/২০২৩ খ্রিঃ তারিখের ১০১ নং স্মারকে সভার কার্যবিবরণী পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। একই বিষয়ে অদ্য ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভায় নির্ধারিত সময়ের মধ্যেই সংগ্রহ লক্ষ্যমাত্রা শতাভাগ অর্জন এবং যে সকল চুক্তিযোগ্য মিল চুক্তি করেনি তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহিত ব্যবস্থার অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে যে সকল চুক্তিযোগ্য মিল চুক্তি করেনি তাদের বিরুদ্ধে গৃহিত ব্যবস্থার অগ্রগতি প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, চলতি আমন সংগ্রহ ২০২২-২০২৩ মৌসুমে বিভাগের ধার্যকৃত লক্ষ্যমাত্রা শতাভাগ অর্জন সম্পন্ন করার লক্ষ্যে তার জেলার অচুক্তিকৃত পরিমাণ হতে আগ্রহী মিলারগণকে অতিরিক্ত বরাদ্দ প্রদান করে নির্ধারিত সময়ের পূর্বেই সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১-৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক
রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ
পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রাজশাহী বিভাগ, রাজশাহী

২০/০২/২৩

তারিখঃ ২০/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৫০.০০৫.২১.৮৮৫/৮(৬)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী

২। অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট
www.dgfood.gov.bd

তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নং-১৩.০৪.৩৮০০.০০৮.১৬.০০১.২২.৫৫৭

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী

৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট। বার্ষিক পত্রের নির্দেশনা

মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, জয়পুরহাট এলএসডি

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাঁচবিবি/আক্কেলপুর/জামালগঞ্জ/কালাই/মোলামগাড়া/ক্ষেতলাল এলএসডি, জয়পুরহাট

৭। সংরক্ষণ নথি